

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ  
তথ্য, সংস্কৃতি ও পর্যটন দপ্তর,  
খুমলুঙ , পশ্চিম ত্রিপুরা

=====

আগামী ৫ ও ৬ নভেম্বর এডিসির অধিবেশন

=====

এডিসি।স-২৮৩

খুমলুঙ,০৩।১১।১৫ইং

=====

আগামী ৫ ও ৬ নভেম্বর এডিসির অধিবেশন আহ্বান করেছেন চেয়ারম্যান ড. রঞ্জিত দেববর্মা । আগামী ৫ নভেম্বর খুমলুঙস্থিত পরিষদীয় ভবনে সকাল ১১ টায় এই অধিবেশন শুরু হবে । এক বিজ্ঞপ্তিতে এসংবাদ জানান পরিষদ সচিব ।

ভূমিকে সদ্যবহার করে উৎপাদন বাড়াতে মুখ্য  
নির্বাহী সদস্য শ্রীরাধাচরণ দেববর্মার গুরুত্বারোপ

=====

এডিসি।স-২৮৪

খুমলুঙ,০৩।১১।১৫ইং

=====

আজ খুমলুঙস্থিত প্রধান প্রশাসনিক ভবনে মুখ্য নির্বাহী সদস্য শ্রীরাধাচরণ দেববর্মার সাথে ত্রিপুরা এগ্রিকালচারেল গ্র্যাজুয়েটস এসোসিয়েশনের ৮ সদস্য বিশিষ্ট প্রতিনিধিদল এক ডেপুটেশনে মিলিত হন । ডেপুটেশনের প্রতিনিধিদলের পক্ষ থেকে ১৭ দফা দাবীর স্মারকপিলি মুখ্য নির্বাহী সদস্যের হাতে তুলে দেওয়া হয় । এই দাবীগুলির মধ্যে রয়েছে দপ্তরের শূন্যপদগুলো পূরণ করা, কৃষিগবেষণা ও শিক্ষা বিষয়ে পৃথক অধিকর্তা, বনবাসীদের জন্য বিশেষ প্রকল্প গ্রহণ করা ইত্যাদি । দাবীগুলোর যৌক্তিকতা স্বীকার করে মুখ্য নির্বাহী সদস্য এডিসি এলাকার ভূমিকে সদ্যবহার করে উৎপাদন বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন । খাদ্য সরস্বত্বতা করার লক্ষ্যে সাধারণ কৃষকদের যত্নবান হয়ে সহযোগিতা করার জন্য কৃষিকর্মী ও কৃষি বিজ্ঞানীদের প্রতি তিনি আহ্বান জানান । বিভিন্ন চাষ করার বিষয়ে ও শ্রীদেববর্মা গুরুত্বারোপ করেন । এই প্রতিনিধিদলের নেতৃত্ব দেন ত্রিপুরা এগ্রিকালচারেল গ্র্যাজুয়েটস এসোসিয়েশনের সাধারণ সম্পাদক শ্রীউৎপল ধর ।

আগরতলার সার্কিট হাউজে এডিসির উচ্চ পর্যায়ের বৈঠক

এডিসি।স-২৮৫

খুমলুঙ, ০৩।১১।১৫ইং



গতকাল আগরতলার সার্কিট হাউজে মুখ্য নির্বাহী আধিকারিক শ্রীঅভিষেক সিং সভাপতিত্বে এডিসির এক উচ্চ পর্যায়ের বৈঠক হয়। বৈঠকে বিভিন্ন দপ্তরের গৃহীত কর্মসূচীগুলো পর্যালোচনা করা হয়। এর মধ্যে রয়েছে এম. জি. এন. রেগা পানীয় জল, যোগাযোগের জন্য রাস্তা, শিক্ষা, সমাজ শিক্ষা, কৃষি, মৎস্য ইত্যাদি। বৈঠকে মুখ্য নির্বাহী আধিকারিক শ্রীসিং আগামী ডিসেম্বর মাসের মধ্যেই গৃহীত কর্মসূচীগুলো রূপায়ন করতে নির্দেশ দেন। তিনি জানান ডিসেম্বর মাসের প্রথম সাপ্তাহে শুধু এম. জি. এন রেগা সম্পর্কে আলোচনা করা হবে। এই বৈঠকে অতিরিক্ত মুখ্য নির্বাহী আধিকারিকদ্বয় শ্রীসুবিকাশ দেববর্মা ও শ্রীএস. এন. দেববর্মা, প্রশাসন বিভাগের নির্বাহী আধিকারিক শ্রীধনঞ্জয় দেববর্মা, বিভিন্ন দপ্তর প্রধানগণ জোন্যল আধিকারিকগণ ও নির্বাহী বাস্তুকারণ উপস্থিত ছিলেন।